মুজিবনগরে প্রি-ভলান্টিয়ার সেমিনার অনুষ্ঠিত

মুজিবনগরে গুডনেইবারস বাংলাদেশ-এর মেহেরপুর কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্টের এর আয়োজনে, প্রি- ভলান্টিয়ার(প্রাক স্বেচ্ছাসেবক) সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

গুড নেইবারস (Good Neighbors) বাংলাদেশ একটি আন্তর্জাতিক মানবিক সাহায্য ও উন্নয়নকারী সংস্থা যা জাতিসংঘ অর্থনৈতিক কাউন্সিলের কনসালটেটিভ স্টেটাস্ যুক্ত। প্রতিষ্ঠানটি ১৯৯৬ সাল হতে বাংলাদেশের ১৩টি জেলায় দরিদ্র জনসাধারনের নানা ধরনের উন্নয়নমূলক কাজ করছে। গুড নেইবারস্ পরিচালিত “মেহেরপুর কমিউনিটি ডেভলপমেন্ট প্রোজেক্ট” ২০০৮ সাল থেকে নিবেদিত ভাবে এলাকায় শিশু অধিকার প্রতিষ্ঠায় তাদের শিক্ষা ও স্বাস্থ্য নিশ্চিতকরণ, গর্ভবর্তী মায়েদের স্বাস্থ্য সেবা, পরিবারের আয়বৃদ্ধিমূলক কাজ, নারী উন্নয়ন, যুব উন্নয়ন কার্যক্রম, জরুরী ত্রাণ সহায়তা ও পূনর্বাসন সহ বিভিন্ন ধরনের সচেতনতা মূলক কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নের মাধ্যমে মুজিবনগর উপজেলায় সফলতার সাথে কাজ করে যাচ্ছে।গুডনেইবারস এর এ সমস্ত সামাজিক কর্মকাণ্ডে সহযোগিতা করে এক ঝাক তরুন ভলেন্টিয়ার। তাদের কর্মকান্ড এবং সমাজ উন্নয়নে ভলেন্টিয়ারদের অবদান নিয়ে অনুষ্ঠিত হয়েছে প্রি-ভলান্টিয়ার সেমিনার।

আজ বৃহস্পতিবার সকালে মুজিবনগরে গুডনেইবারস মেহেরপুর কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্টের আয়োজনে, প্রজেক্টের হল রুমে গুডনেইবারস প্রি-ভলান্টিয়ার সেমিনারে মেহেরপুর সিডিপি এর প্রজেক্ট ম্যানেজার সুব্রত টুডু এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্হিত ছিলেন, মুজিবনগর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মোহাম্মদ রকিবউদ্দীন।

বিশেষ অতিথি হিসাবে উপস্হিত ছিলেন, সিডিপি এর সহসভাপতি ও বাগোয়ান ইউনিয়ন পরিষদের ৬ নং ওয়ার্ড সদস্য এবং পেনেল চেয়ারম্যান- বাবুল মল্লিক, মেহেরপুর সিডিপির সিনিয়র প্রোগ্রাম অফিসার রিফাত আল মাহমুদ, সিডিপি সদস্য ও সাংবাদিক হাসান মোস্তাফিজুর রহমান।

প্রি-ভলান্টিয়ার সেমিনারে অতিথি বৃন্দ “কে স্বেচ্ছাসেবক এবং স্বেচ্ছাসেবকতা কি? শিশু অধিকার কি? বাল্য বিবাহ ও শিশুশ্রম কি?

বাল্যবিবাহ ও শিশুশ্রম কিভাবে প্রতিরোধ করা যায়? PSEA/সেফগার্ডিং এবং প্রি-ম্যাচিউর ডেথের উপর বিস্তারিত আলোচনা করেন।

প্রি-ভলান্টিয়ার সেমিনারে ২৪ জন অংশগ্রহন করে।